রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৩০, ২০২২

## ৩য় খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৮ চৈত্র ১৪২৮/১১ এপ্রিল ২০২২

নং **২৩.০০.০০০০.০৬০.১৩.০০৫.২২.২১৮**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাকে নৌবাহিনী বিধিমালা, **১৯৬১** এর বিধি-১২ এ(১)(বি) অনুযায়ী বর্তমান পদবির বয়সসীমা অতিক্রমের পর তাঁর নামের পার্শ্বে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর প্রদান করা হলো :

| **ক্রমিক** | **কর্মকর্তার পদবি, নাম ও পি নং** | **অবসর গমনের তারিখ** | **এলপিআর গমনের তারিখ** |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | ইন্সট্রাক্টর কমডোর সানাউল নোমান, এনইউপি, পিসিজিএমএস,<br>বিএন (পি নং ১২৩৪) | বিকাল<br>২০ জুন ২০২২ | সকাল<br>২১ জুন ২০২২ |

২। তাঁর আবেদন এবং জেএসআই ১/২০১৬ মোতাবেক তিনি ১২ (বারো) মাস মেয়াদে এলপিআর ভোগ করবেন;

৩। তিনি বিধিমতে অবসর এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন; এবং

৪। তাঁর নিকট সরকারের গাড়ি সুবিধা ঋণ অগ্রিমসহ সকল দেনা-পাওনা পেনশন নিষ্পত্তির সময় সমন্বয় করতে হবে।

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৮/১০ মার্চ ২০২২

নং **২৩.০০.০০০০.০৬০.৩৬.০০৮.২০(অংশ).১৭০**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তার চাকরির মেয়াদ নৌবাহিনীর স্বার্থে নৌবাহিনী বিধিমালা, ১৯৬১ এর বিধি ১২এ(১)(এ) অনুযায়ী তাঁর নামের পার্শ্বে উল্লিখিত তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো:

| ক্রমিক নং | পদবি, নাম ও পি নং | বর্ধিত চাকরির মেয়াদ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১. | লেঃ কমান্ডার মোঃ ফারুক আহাম্মদ, (এসডি)/(জি),<br>বিএন (পি নং ১৯৭৫) | ১২ জুন ২০২২ থেকে ১১ জুন ২০২৪ তারিখ পর্যন্ত |

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৮/০৬ মার্চ ২০২২

নং **২৩.০০.০০০০.০৬০.১৩.০০৭.২১(অংশ-১).১৬২**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাকে নৌবাহিনী বিধিমালা, ১৯৬১ এর বিধি ১২এ(১)(এ) অনুযায়ী বর্তমান পদবির বয়সসীমা অতিক্রমের পর তাঁর নামের পার্শ্বে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি হতে স্বাভাবিক অবসর প্রদান করার হলো:

| ক্রমিক | কর্মকর্তার পদবি, নাম ও পি নং | অবসর গমনের তারিখ | এলপিআর গমনের তারিখ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | কমডোর সুমন মাহমুদ সাব্বির (এনডি), এনজিপি, এনডিসি, পিএসসি, বিএন (পি নং ৬০৩) | বিকাল ১৭ মার্চ ২০২২ | সকাল ১৮ মার্চ ২০২২ |

২। তাঁর আবেদন এবং জেএসআই ১/২০১৬ মোতাবেক ১২ (বারো) মাস মেয়াদে এলপিআর ভোগ করবেন।

৩। তিনি বিধিমতে অবসর ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। তাঁর নিকট অডিটে জড়িত আপত্তির সরকারি পাওনাসহ অন্য কোনো সরকারি পাওনা থাকলে তা পেনশন নিষ্পত্তির সময় সমন্বয় করতে হবে।

তারিখ: ২২ চৈত্র ১৪২৮/০৫ এপ্রিল ২০২২২

নং **২৩.০০.০০০০.০৬০.১৩.০০৫.২২.২১০**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাকে নৌবাহিনী বিধিমালা, ১৯৬১ এর বিধি ১২এ(১)(এ) অনুযায়ী বর্তমান পদবির বয়সসীমা এবং বর্ধিত চাকুরীর মেয়াদ অতিক্রমের পর তাঁর নামের পার্শ্বে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর প্রদান করার হলো:

| ক্রমিক | কর্মকর্তার পদবি, নাম ও পি নং | অবসর গমনের তারিখ | এলপিআর গমনের তারিখ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | লেঃ কমান্ডার মোঃ ফজলুর রহমান (এসডি) (ও/ই), এনইউপি, বিএন (পি নং ১৪১১) | বিকাল ২৯ জুন ২০২২ | সকাল ৩০ জুন ২০২২ |

২। তাঁর আবেদন এবং জেএসআই ১/২০১৬ মোতাবেক ১২ (বারো) মাস মেয়াদে এলপিআর ভোগ করবেন;

৩। তিনি বিধিমতে অবসর ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন; এবং

৪। তাঁর নিকট সরকারের গাড়ি সুবিধা ঋণ অগ্রিমসহ দেনা-পাওনা পেনশন নিষ্পত্তির সময় সমন্বয় করতে হবে।

তারিখ: ১২ বৈশাখ ১৪২৯/২৫ এপ্রিল ২০২২

নং **২৩.০০.০০০০.০৬০.১৩.০০৫.২২.২৩৫**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত ২(দুই) জন কর্মকর্তাকে নৌবাহিনী বিধিমালা, ১৯৬১ এর বিধি ১২এ(১)(এ) (বি) অনুযায়ী বর্তমান পদবির বয়সসীমা এবং বর্ধিত চাকরির মেয়াদ অতিক্রমের পর তাঁদের নামের পার্শ্বে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর প্রদান করার হলো:

| ক্রমিক | কর্মকর্তাদের পদবি, নাম ও পি নং | অবসর গমনের তারিখ | এলপিআর গমনের তারিখ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | ইন্সট্রাক্টর লেঃ কমান্ডার মোঃ আমিনুল ইসলাম, বিএন (পি নং ১২৩৮) | বিকাল ১৪ জুলাই ২০২২ | সকাল ১৫ জুলাই ২০২২ |
| ২. | লেঃ কমান্ডার মোহাম্মদ সোলায়মান শেখ (এসডি), (এস) বিএন (পি নং ১৫৬২) | বিকাল ১০ জুলাই ২০২২ | সকাল ১১ জুলাই ২০২২ |

২। তাঁদের আবেদন এবং জেএসআই ১/২০১৬ মোতাবেক ১২ (বারো) মাস মেয়াদে এলপিআর ভোগ করবেন;

৩। তাঁরা বিধিমতে অবসর ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন; এবং

৪। তাঁদের নিকট সরকারের গাড়ি সুবিধা ঋণ অগ্রিমসহ সকল দেনা-পাওনা পেনশন নিষ্পত্তির সময় সমন্বয় করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ফরহাদ হোসেন**
সিনিয়র সহকারী সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৮/০৮ মার্চ ২০২২

নং **২৩.০০.০০০০.০৪০.১৩.০০১.২১.৪৮**—বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ জনাব মোঃ আবুল হোসেন-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭নং আইন)-এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী আগামী ৩০ মার্চ ২০২২ তারিখ হতে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হলো এবং তাঁর অনকূলে আগামী ৩১ মার্চ ২০২২ তারিখ হতে ৩০ মার্চ ২০২৩ তারিখ পর্যন্ত মোট ১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল.) মঞ্জুর করা হলো।

২। তিনি বিধি অনুযায়ী ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ অবসর এবং অবসর উত্তর ছুটিকালীণ সুবিধাদি প্রাপ্য হবেন।

**এম. জে. আরিফ বেগ**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ বৈশাখ ১৪২৯/১৯ এপ্রিল ২০২২

নং **২৩.০০.০০০০.০৩০.১৯.০৮৭.১৭.৪৬**—নির্দেশক্রমে বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৬২৮০ লেঃ কর্নেল রাইহান আহমেদ, পিএসসি, পদাতিক'কে বরিশাল ক্যাডেট কলেজের অধ্যক্ষ পদে প্রেষণে নিয়োগ প্রদান করা হলো।

২। প্রেষণে নিয়োজিত থাকাকালীন উক্ত কর্মকর্তা সেনাবাহিনীর শেষ বেতন সনদ অনুযায়ী বেতন-ভাতাসহ বিধি মোতাবেক অন্যান্য সুযোগ-সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। বরিশাল ক্যাডেট কলেজের অধ্যক্ষ বিএ-৪৯১৬ কর্নেল সাইফুল হক আহমেদ, টিএসসি'কে সেনাবাহিনীতে প্রত্যাবর্তনের জন্য তাঁর চাকরি সেনাসদর, বাংলাদেশ সেনাবাহিনীতে প্রত্যর্পণ করা হলো।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আসমা মোজাম্মেল**
সিনিয়র সহকারী সচিব।

---

**শাখা ডি-১১ (প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসন)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ চৈত্র ১৪২৮/৩১ মার্চ ২০২২

নং **২৩.০০.০০০০.১১০.৫১.০৫৭.১৯.১৭৭**—বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪-এর ৬(১) (কে) ও ৬(৩)(ক) ধারা মোতাবেক প্রতিরক্ষা, মন্ত্রলালয়ের নিম্নবর্ণিত কর্মচারীর চাকরি তাঁর নামের পার্শ্বে উল্লিখিত তারিখ থেকে নির্দেশক্রমে স্থায়ী করা হলো:

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পদবি | বর্তমান পদে যোগদানের তারিখ | বর্তমান পদে চাকরি স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ আবু-সালেহ্ হাওলাদার<br>প্রশাসনিক কর্মকর্তা | ২৭ জুন ২০১৯ | ২৭ জুন ২০১৯ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহিদ নেওয়াজ**
সিনিয়র সহকারী সচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২০ চৈত্র ১৪২৮/০৩ এপ্রিল ২০২২

নং **২৩.০০.০০০০.১৮০.১৩.১৬৪.২২-১৫৪**—নিম্নবর্ণিত অফিসারকে কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১, রুল-৩ ও রুল-১৬ অনুযায়ী কর্তনসহ বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট (রুলস)১২(১), আর্মি রেগুলেশন্স (রুলস) ২৬১, আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স)১৬৯ মোতাবেক বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে অকালীন (স্বেচ্ছায়) অবসর প্রদান করা হলো:

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| **ক্রমিক নম্বর** | **আর্মি নম্বর, পদবি ও নাম** | **বিধি অনুযায়ী কর্তনের হার** |
| ১. | বিএ-৫৯৭৮ লে. কর্নেল মুহাম্মদ ইসমাইল খাঁ, বিএসপি, পিএসসি, পদাতিক | ক) অকালীন (স্বেচ্ছায়) অবসর গ্রহণের কারণে কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১, রুল-১৬ অনুযায়ী তাঁর প্রাপ্য পেনশন থেকে ২৫% কর্তন হবে।<br>খ) তিনি ১৩ ফেব্রুয়ারি ২০২১ থেকে ১৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত বৈদেশিক মিশন (ইয়েমেন) সম্পন্ন করার ১ম বর্ষের মধ্যে স্বেচ্ছায় অকালিন অবসরের আবেদন করায় কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১ রুল-৩ অনুযায়ী তাঁর পেনশন থেকে অতিরিক্ত ২৫% কর্তনসহ সর্বমোট (২৫%+২৫%)= ৫০% কর্তন হবে। |

২। প্রচলিত বিধি মোতাবেক তিনি অবসর সংক্রান্ত প্রাপ্য আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২১ চৈত্র ১৪২৮/০৪ এপ্রিল ২০২২

নং **২৩.০০.০০০০.১৮০.৩৬.১৫৮.২২-১৫৫**—আর্মি রেগুলেশন (রুলস) ২৫৫ এবং আর্মি রেগুলেশন (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর নিম্নবর্ণিত ৪ (চার) জন অফিসারের নামের পাশে ৬ (ছয়) নম্বর কলামে বর্ণিত অবসর গ্রহণের তারিখ থেকে তাঁদের চাকরির মেয়াদ ১ (এক) বছর বর্ধিত করা হলো:

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর | আর্মি নম্বর, পদবি ও নাম | জন্ম তারিখ | কমিশনের তারিখ | সর্বোচ্চ বয়সসীমা | অবসর গ্রহণের তারিখ |
| ১ | বিএ-৪৮২৪ মেজর নূর-এ-আলম খান, পদাতিক | ১৫ এপ্রিল ১৯৭২ | ১৭ জুন ১৯৯৪ | ৫০ | ১৪ এপ্রিল ২০২২ (অপরাহ্ণ) |
| ২ | বিএ-৪৩২১ মেজর আহমেদ মেহেদী ইমাম, আর্টিলারি | ১৬ এপ্রিল ১৯৭২ | ৯ জুন ১৯৯২ | ৫০ | ১৫ এপ্রিল ২০২২ (অপরাহ্ণ) |
| ৩ | বিএ-৫৫৭৬ মেজর সোয়েবুর রহমান, ইঞ্জিনিয়ার্স | ১৮ এপ্রিল ১৯৭০ | ১১ ডিসেম্বর ১৯৯৭/ ২ জুলাই ১৯৯৫ | ৫২ | ১৭ এপ্রিল ২০২২ (অপরাহ্ণ) |
| ৪ | বিএ-৪৭৫০ মেজর মোঃ মিন্নাত আলী, বিজিবিএমএস, অর্ডন্যান্স | ১ মে ১৯৭২ | ১৬ ডিসেম্বর ১৯৯৩ | ৫০ | ৩০ এপ্রিল ২০২২ (অপরাহ্ণ) |

২। ইতঃপূর্বে প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে জারীকৃত ২৩.০০.০০০০.১৮০.১৩.১০০.২১.৮৩ নম্বর প্রজ্ঞাপনের ৩২, ৪৪, ৪৫ ও ৫২ নম্বর ক্রমিকে উল্লিখিত অফিসারদের অবসর সংক্রান্ত অংশটুকু বাতিল করা হলো; উল্লিখিত প্রজ্ঞাপনে বর্ণিত অন্যান্য কর্মকর্তাদের অবসর সংক্রান্ত অংশ যথারিতি বহাল থাকবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**
উপসচিব।